# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৯৮

১/ বিবিধ

আরবী

ليس الإيمان بالتمني ولا بالتحلي، ولكن ما وقر في القلب وصدقه العمل، العلم علم باللسان وعلم بالقلب، فأما علم القلب فالعلم النافع، وعلم اللسان حجة الله على بني آدم

موضوع

رواه ابن النجار في " الذيل " (10/88/2) عن عبد السلام بن صالح: حدثنا يوسف ابن عطية: حدثنا قتادة عن الحسن عن أنس مرفوعا

قلت: وهذا إسناد هالك، يوسف بن عطية وهو الصفار الأنصاري قال البخاري

" منكر الحديث

وقال النسائي والدولابي

" متروك الحديث ". زاد النسائي: " وليس بثقة

وعبد السلام بن صالح، وهو أبو الصلت الهروي أورده الذهبي في " الضعفاء " وقال

" اتهمه بالكذب غير واحد، قال أبو زرعة: لم يكن بثقة، وقال ابن عدي: متهم

وقال غيره: رافضي

قلت: وقد رواه بعض الضعفاء عن الحسن موقوفا عليه

أخرجه ابن أبي شيبة في " كتاب الإيمان " (رقم 93 بتحقيقي) من طريق جعفر بن سليمان: نا زكريا قال: سمعت الحسن يقول

" إن الإيمان ليس بالتحلي ولا بالتمني، إنما الإيمان ما وقر في القلب وصدقه العمل

وهذا سند ضعيف من أجل زكريا هذا وهو ابن حكيم الحبطي، قال الذهبي في " الميزان
" هالك ". وأقره الحافظ في " اللسان ". لكن قال المناوي في " الفيض " تحت قول السيوطي: " رواه ابن النجار والديلمي في " مسند الفردوس " عن أنس ": " قال العلائي: حديث منكر، تفرد به عبد السلام بن صالح العابد، قال النسائي متروك. وقال ابن عدي: مجمع على ضعفه، وقد روي معناه بسند جيد عن الحسن من قوله. وهو الصحيح. إلى هنا كلامه، وبه يعرف أن سكوت المصنف عليه لا يرضى " قلت: فلعل العلائي وقف على سند آخر لهذا الأثر عن الحسن؛ ولذلك جوده. والله أعلم

বাংলা

১০৯৮। আকাংক্ষার দ্বারা ঈমান নয় আবার বন্টন করার দ্বারাও নয়। হৃদয়ে যা প্রোথিত হয়েছে এবং যাকে কর্ম সত্যায়িত করেছে তাই ঈমান। জ্ঞান হচ্ছে যবানের জ্ঞান ও হৃদয়ের জ্ঞান। হৃদয়ের জ্ঞান হচ্ছে উপকারী জ্ঞান আর যবনের জ্ঞান হচ্ছে আদম সন্তানের উপর আল্লাহর দলীল।

হাদীসটি জাল।

এটি ইবনুন নাজ্জার “আযযায়েল” গ্রন্থে (১০/৮৮/২) আব্দুস সালাম ইবনু সালেহ হতে, তিনি ইউসুফ ইবনু আতিয়্যাহ হতে, তিনি কাতাদাহ হতে, তিনি আলহাসান হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি ধ্বংসপ্রাপ্ত। ইউসুফ ইবনু আতিয়্যাহ হচ্ছেন আস্‌সাফফার আলআনসারী। ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস। নাসাঈ ও দুলাবী বলেনঃ তিনি মাতরূকুল হাদীস। নাসাঈ আরো বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

আব্দুস সালাম ইবনু সালেহ হচ্ছেন আবুস সালত হারাবী। হাফিয যাহাবী তাকে "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তাকে একাধিক ব্যক্তি মিথ্যুক হিসেবে দোষী করেছেন। আবু যুর’য়াহ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। ইবনু আদী বলেনঃ তিনি মিথ্যার দোষে দোষী। অন্যরা বলেনঃ তিনি রাফেয়ী মতাবলম্বী।

আমি (আলবানী) বলছিঃ কোন কোন দুর্বল বর্ণনাকারী হাসান হতে মওকুফ হিসেবে বর্ণনা করেছেন।

কিন্তু সেটির সনদটিও দুর্বল তাতে যাকারিয়া ইবনু হাকীম নামের এক দুর্বল বর্ণনাকারী থাকার কারণে। হাফিয যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ

তিনি ধ্বংসপ্রাপ্ত। হাফিয ইবনু হাজার “আল-মীযান” গ্রন্থে তার কথাকে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71977

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন